

## টাঙ্গুয়ার হাওরে টুরিজম নিয়ন্ত্রণ করা হবে

- A Monitor Desk Report

Date: 27 November, 2024



**সুনামগঞ্জ :** পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন এবং পানি সম্পদ মন্ত্রণালয়ের উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান বলেছেন, ‘দেশের দ্বিতীয় বৃহত্তর রামসার সাইটখ্যাত হাওর টাঙ্গুয়ার হাওর। এ হাওরে টুরিজম নিয়ন্ত্রিতভাবে চলবে।

পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন এবং পানি সম্পদ মন্ত্রণালয়ের উপদেষ্টা সৈয়দা রিজওয়ানা হাসান বলেছেন, ‘দেশের দ্বিতীয় বৃহত্তর রামসার সাইটখ্যাত হাওর টাঙ্গুয়ার হাওর। এ হাওরে টুরিজম নিয়ন্ত্রিতভাবে চলবে।

কত লোক আসতে পারবে, কত হাউজ বোট চলতে পারবে, হাউজ বোটগুলো কী কী নিয়ম মেনে চলবে, প্লাস্টিক, পলিথিন আনবে কিনা, জোরে জোরে গান-বাজনা বাজাবে কিনা, কত লোক নিয়ে আসবে, এগুলো আমরা নিয়ন্ত্রণ করব।’

মঙ্গলবার (২৬ নভেম্বর) দুপুরে জেলার তাহিরপুর উপজেলার টাঙ্গুয়ার হাওর, গুরমার হাওর ও মাটিয়ান হাওরের বাঁধ পরিদর্শনে গিয়ে সাংবাদিকদের এসব কথা বলেন তিনি।

এ সময় স্বরাষ্ট্র ও কৃষি মন্ত্রণালয়ের উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল মো. জাহাঙ্গীর আলম (অব.), পানিসম্পদ মন্ত্রণালয়ের উচ্চপদস্থ কর্মকর্তা, জেলা প্রশাসক মো. ইলিয়াস মিয়া, পুলিশ সুপার আ ফ ম আনোয়ার হোসেন খান প্রমুখ উপস্থিত ছিলেন।

-B